

বেশিরভাগ বেসরকারি বিশ্ববিদ্যালয় কাজ্জিকত মান অর্জন করতে পারেনি

যায়যায় রিপোর্ট

১৯৯২ সালে দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হলেও মাত্র মাত্র থেকে আটটি বিশ্ববিদ্যালয় জায়েদভাবে শিক্ষা কার্যক্রম চালাচ্ছে। বেশিরভাগ বিশ্ববিদ্যালয়, উচ্চ শিক্ষায় কাজ্জিকত মান অর্জন করতে পারেনি।

নব্বলবার ইউনিপেনডেন্ট ইউনিভার্সিটির মাস্ট্রি পারপাস হলে কাজ্জিক নজরুল ইসলাম-আক্বাসউদীন আহমেদ গবেষণা ও অধ্যয়ন কেন্দ্র উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা বলেন।

অনুষ্ঠানে ইউনিপেনডেন্ট ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের প্রেসিডেন্ট জৌহিদ সামাদ, উপাচার্য প্রফেসর এম ওমর আহমেদ, সিনিয়র রিসার্চ স্কলার শিখী মুস্তফা জামান আক্বাসী, কাজ্জিক নজরুল ইসলামের নাতি বিলবিল কাজ্জিক বক্তৃতা করেন।

নতুন অনুমোদন পাওয়া আটটিসহ দেশে বর্তমানে ৬২টি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। বেশিরভাগ বিশ্ববিদ্যালয় জন্ডা বাড়িতে তাদের শিক্ষা কার্যক্রম চালাচ্ছে। আউটার কম্পাস হলে কারো কারো বিরুদ্ধে মাস্ট্রিকিট বিক্রি বাণিজ্যেরও অভিযোগ রয়েছে। সরকারের কঠোর অবস্থানের কারণে বিশ্ববিদ্যালয়গুলো তাদের নিজস্ব

কম্পাস গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। সব বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অতি দ্রুত পরিপূর্ণভাবে নিজস্ব কম্পাস গড়ে তোলার আহ্বান জানিয়ে শিক্ষামন্ত্রী আরো বলেন, সবগুলো বিশ্ববিদ্যালয় হবে জ্ঞান চর্চা, গবেষণা ও নতুন জ্ঞানের অনুসন্ধানের বিদ্যালয়। এসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে আমাদের নতুন প্রজন্ম আধুনিক যুগের যে কোনো চ্যালেঞ্জ মোকাবেলার যোগ্য নাগরিক হয়ে বেরিয়ে আসবে। তিনি বলেন, জাতীয় কবি কাজ্জিক নজরুল ইসলাম এবং পত্নী জীবন-সংস্কৃতির ধারক মরমী শিখী আক্বাসউদীনের কর্ম-সৃষ্টিকে নতুন প্রজন্মের কাছে পৌছে দেয়ার উদ্যোগ নিয়ে আইইউবি প্রশংসনীয় কাজ করেছে। এটি একটি অনন্য উদাহরণ। দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ও আমাদের জাতির অনন্য ব্যক্তিবর্গকে নিয়ে এ ধরনের উদ্যোগ নিতে পারে। তিনি এ গবেষণা কেন্দ্রের সফলতা কামনা করেন।

ইউনিপেনডেন্ট ইউনিভার্সিটির পক্ষ থেকে নজরুল গবেষণক প্রফেসর অয়মেরিটাস রফিকুল ইসলাম, জাতীয় কবি কাজ্জিক নজরুল ইসলামের পুত্রবধু উমা কাজ্জিক এবং শিখী তেরদৌলী রহমানকে সংবর্ধনা প্রদান করা হয়।

মন্ত্রী নজরুল-আক্বাসউদীন স্মৃতিময় দুর্গত ১১৫টি আলোকচিত্রের প্রদর্শনী উদ্বোধন করেন।